গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
Web: www.ntcc.gov.bd

স্মারক নং- স্বাপকম/স্বাসেবি/এনটিসিসি/ বি.তা.দি. উদযাপন/২০২৩/০৬/৬০; তারিখ: ৩০ এপ্রিল, ২০২৪

## গণবিজ্ঞপ্তি

## ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন বাস্তবায়নসহ তামাক নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ অবদানের জন্য সম্মাননা প্রদানের নিমিত্ত মনোনয়ন/আবেদন আহবান

তামাক উৎপাদন, প্রক্রিয়াকরণ ও ব্যবহার, জনস্বাস্থ্য, অর্থনীতি এবং পরিবেশের জন্য অত্যন্ত ক্ষতিকর। **বাংলাদেশ সংবিধানের ১৮ক অনুচ্ছেদ অনুযায়ী জনস্বাস্থ্যের উন্নতি রাষ্ট্রের অন্যতম প্রাথমিক দায়িত্ব।** বাংলাদেশ আন্তর্জাতিক তামাক নিয়ন্ত্রণ চুক্তি ফ্রেমওয়ার্ক কনভেনশন অন টোব্যাকো কন্ট্রোল (এফসিটিসি) স্বাক্ষর ও অনুসমর্থন করেছে এবং এর আলোকে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ প্রণয়ন ও ২০১৩ সালে এ আইন সংশোধন করেছে। বাংলাদেশ সরকার জাতিসংঘের টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনকে গুরুত্ব দিয়ে তামাক নিয়ন্ত্রণ বিষয়টি ৭ম ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করেছে। সর্বোপরি, মাননীয় প্রধানমন্ত্রী ২০৪০ সালের মধ্যে বাংলাদেশ থেকে তামাক নির্মূলের ঘোষণা দিয়েছেন। এ সকল সাংবিধানিক, আইনী ও প্রশাসনিক বাধ্যবাধকতাকে সামনে রেখে বাংলাদেশ সরকার ২০৪০ সালে মধ্যে দেশকে তামাকমুক্ত করার লক্ষ্যে কাজ করছে।

০২. তামাক নিয়ন্ত্রণে বাংলাদেশ সরকারের পক্ষে জাতীয় প্রতিষ্ঠান হিসাবে কাজ করছে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল (এনটিসিসি)। ২০১৪ সাল হতে এনটিসিসি তামাক নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ অবদানের জন্য বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সম্মাননা প্রদান করে আসছে। এ ধারাবাহিকতায়, তামাক নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ কাজের জন্য নিম্নোক্ত ক্যাটাগরিতে সম্মাননা প্রদানের লক্ষ্যে প্রস্তাব (মনোনয়ন/আবেদন) আহ্বান করা হচ্ছে:

| নং | ক্যাটাগরি | সংখ্যা |
|---|---|---|
| ১. | বেসরকারি সংস্থা/ প্রতিষ্ঠান | ১টি |
| ২. | সাংবাদিক [প্রিন্ট মিডিয়া] | ১জন |
| ৩. | সাংবাদিক [ইলেক্ট্রনিক মিডিয়া] | ১জন |

০৩. উল্লেখ্য, তামাক নিয়ন্ত্রণে ধারাবাহিকভাবে কাজ করার উদাহরণসহ সম্মাননার জন্য প্রস্তাব (মনোনয়ন/আবেদন) আগামী ১৬ মে, ২০২৪ তারিখের মধ্যে সংযুক্তিতে বর্ণিত ফরম ও নির্দেশনা মোতাবেক পূরণ করে এনটিসিসিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল [ডাক যোগে/ইমেইলে]। সম্মাননার জন্য জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল ও এ সংক্রান্ত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সংযুক্তি- বর্ণনামতে ০৬ পৃষ্ঠা

৩০.৪.২০২৪

(মোঃ আখতারউজ-জামান)
সমন্বয়কারী (যুগ্মসচিব)
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
ফোন: ২২৩৩৫৫১৩৫
Email: ntcc_bangladesh@yahoo.com

**অনুলিপি (অবগতি ও কার্যার্থে) :**

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২. অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য অনুবিভাগ)- এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩. অফিস কপি।

**ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন বাস্তবায়নসহ তামাক নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ অবদানের জন্য সম্মাননা প্রদানের নিমিত্ত মনোনয়ন/আবেদন ফরম**

ক্যাটাগরি: বেসরকারি সংস্থা

মনোনয়ন প্রদানকারি/আবেদনকারি ব্যক্তি/সংস্থার নাম [বাংলা ও ইংরেজিতে] :

মনোনয়ন প্রদানকারি/আবেদনকারি ব্যক্তি/সংস্থার ঠিকানা:

মনোনয়ন প্রদানকারি/আবেদনকারি ব্যক্তি/সংস্থার ফোন/মোবাইল নাম্বার [বাংলা ও ইংরেজিতে]:

মনোনয়ন প্রদানকারি/আবেদনকারি ব্যক্তি/সংস্থার ইমেইল নাম্বার [ইংরেজিতে]:

যে সংস্থার জন্য মনোনয়ন প্রদান /আবেদন করা হচ্ছে, সে সংস্থার নাম ও সংস্থার প্রধানের নাম (সভাপতি/সাধারণ সম্পাদক / নির্বাহী পরিচালক/প্রধান নির্বাহী ইত্যাদি), দাপ্তরিক ঠিকানা, ফোন ও মোবাইল নাম্বার, ইমেইল ঠিকানা লিখুন:

১. তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন, সচেতনতা বৃদ্ধি, গবেষণা, প্রচারণা, প্রশিক্ষণ, স্বাস্থ্য সেবায় গুরুত্বপূর্ণ কোন পদক্ষেপ: (সর্বোচ্চ ২৫০ শব্দ)

২. তামাক নিয়ন্ত্রণ প্রকাশনা, লেখনী, গবেষণা ও প্রচারণা কার্যক্রম: (সর্বোচ্চ ২৫০ শব্দ)

৩. কমিউনিটি পর্যায়ে তামাক বিরোধী সচেতনতা ও আইনের বাস্তবায়ন: (সর্বোচ্চ ১৫০ শব্দ)

৪. তামাক নিয়ন্ত্রণের লক্ষ্যে বাজেটে নিজস্ব অর্থায়ন নিশ্চিত করা: (সর্বোচ্চ ১৫০ শব্দ)

৫. আইন মনিটরিং ও বাস্তবায়নে উদ্ভাবনী উদ্যোগ: (সর্বোচ্চ ১৫০ শব্দ)

৬. তামাক নিয়ন্ত্রণে অন্যান্য সংস্থাগুলোর সাথে সমন্বয় ও সহযোগিতামূলক দৃষ্টান্তমূলক কার্যক্রম: (সর্বোচ্চ ১৫০ শব্দ)

৭. তামাক চাষ নিয়ন্ত্রণে উদ্যোগ: (সর্বোচ্চ ১৫০ শব্দ)

৮. তামাক পরিত্যাগে প্রাতিষ্ঠানিক উদ্যোগ গ্রহণ: (সর্বোচ্চ ১৫০ শব্দ)

৯. তামাক নিয়ন্ত্রণ কাজের প্রতিবেদন প্রকাশ/প্রচার লিংক উল্লেখ করুন:
ক। ওয়েবসাইট লিংক, খ। ইউটিউব লিংক, গ। ফেসবুক পেজ লিংক, ঘ। অন্যান্য লিংক:

ঘোষণা: ১. আমি তামাক কোম্পানি বা তামাকজাত প্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত নই। ☐ হ্যাঁ ☐ না

২. আমি যে প্রতিষ্ঠানকে মনোনয়ন প্রদান করেছি, আমার জানা মতে সে সংস্থাও তামাক কোম্পানি বা তামাকজাত প্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত নয়। ☐ হ্যাঁ ☐ না

৩. আমার জানা মতে, আমি যে প্রতিষ্ঠানকে মনোনয়ন প্রদান করেছি সে প্রতিষ্ঠান জনস্বাস্থ্য ও পরিবেশের জন্য ক্ষতিকর কাজে জড়িত নয়। ☐ হ্যাঁ ☐ না

৪. আমি যেসব তথ্য সরবরাহ করছি তা সত্য। ☐ হ্যাঁ ☐ না

ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনা:

- আলোচ্য ফরমটি আবশ্যিকভাবে বাংলায় 'নিকষ' ফন্টে এবং ইংরেজিতে 'Times New Roman' ফন্টে পূরণ করতে হবে।
- বাংলায় ফন্ট সাইজ ১২ এবং ইংরেজিতে ফন্ট সাইজ ১০ হতে হবে।
- উপরোক্ত ছকে চাহিত সকল তথ্য উল্লিখিত শব্দ সংখ্যার মধ্যে বুলেট পয়েন্টে উপস্থাপন করতে হবে।
- অসম্পূর্ণ/অসংলগ্ন তথ্য সম্বলিত মনোনয়ন/আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
- সম্পূর্ণকৃত ফরমটির ওয়ার্ড ফাইল ও পিডিএফ ফাইল জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের ইমেইলে [ntcc_bangladesh@yahoo.com] আগামী ১৬ মে, ২০২৪ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।
- সম্মাননার জন্য জন্য জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল ও এ সংক্রান্ত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন বাস্তবায়নসহ তামাক নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ অবদানের জন্য সম্মাননা প্রদানের নিমিত্ত মনোনয়ন/আবেদন ফরম**

ক্যাটাগরি: সাংবাদিক ☐প্রিন্ট ☐ইলেক্ট্রনিক মিডিয়া [টিক চিহ্ন দিন]

মনোনয়ন প্রদানকারি/আবেদনকারি ব্যক্তি/সংস্থার নাম [বাংলা ও ইংরেজিতে] :

মনোনয়ন প্রদানকারি/আবেদনকারি ব্যক্তি/সংস্থার ঠিকানা:

মনোনয়ন প্রদানকারি/আবেদনকারি ব্যক্তি/সংস্থার ফোন/মোবাইল নাম্বার [বাংলা ও ইংরেজিতে]:

মনোনয়ন প্রদানকারি/আবেদনকারি ব্যক্তি/সংস্থার ইমেইল নাম্বার [ইংরেজিতে]:

যার জন্য মনোনয়ন প্রদান /আবেদন করা হচ্ছে, তাঁর নাম, পদবী, দাপ্তরিক ঠিকানা, ফোন/মোবাইল নাম্বার, ইমেইল:

১. তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন, সচেতনতা বৃদ্ধি, গবেষণা, প্রচারণা বৃদ্ধি সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ/প্রচার: (সর্বোচ্চ ২৫০ শব্দ)

২. তামাক কোম্পানি আইনভঙ্গ বা নীতিতে প্রভাব বিস্তারের অপচেষ্টা সংক্রান্ত প্রতিবেদন: (সর্বোচ্চ ২৫০ শব্দ)

৩. তামাক নিয়ন্ত্রণ সচেতনতা ও আইনের বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ/প্রচার: (সর্বোচ্চ ২৫০ শব্দ)

৪. আইন মনিটরিং ও বাস্তবায়নে উদ্ভাবনী উদ্যোগ: (সর্বোচ্চ ২৫০ শব্দ)

৫. তামাক নিয়ন্ত্রণ কাজের প্রতিবেদন প্রকাশ/প্রচার লিংক উল্লেখ করুন:
ক। ওয়েবসাইট লিংক, খ। ইউটিউব লিংক, গ। ফেসবুক পেজ লিংক, ঘ। অন্যান্য লিংক:

ঘোষণা: ১. আমি তামাক কোম্পানি বা তামাকজাত প্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত নই। ☐ হ্যাঁ ☐ না

২. আমি যে প্রতিষ্ঠানকে মনোনয়ন প্রদান করেছি, আমার জানা মতে সে সংস্থাও তামাক কোম্পানি বা তামাকজাত প্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত নয়। ☐ হ্যাঁ ☐ না

৩. আমার জানা মতে, আমি যে প্রতিষ্ঠানকে মনোনয়ন প্রদান করেছি সে প্রতিষ্ঠান জনস্বাস্থ্য ও পরিবেশের জন্য ক্ষতিকর কাজে জড়িত নয়। ☐ হ্যাঁ ☐ না

৪. আমি যেসব তথ্য সরবরাহ করছি তা সত্য। ☐ হ্যাঁ ☐ না

ফরম পুরণ সংক্রান্ত নির্দেশনা:

- আলোচ্য ফরমটি আবশ্যিকভাবে বাংলায় 'নিকষ' ফন্টে এবং ইংরেজিতে 'Times New Roman' ফন্টে পুরণ করতে হবে।
- বাংলায় ফন্ট সাইজ ১২ এবং ইংরেজিতে ফন্ট সাইজ ১০ হতে হবে।
- উপরোক্ত ছকে চাহিত সকল তথ্য উল্লিখিত শব্দ সংখ্যার মধ্যে বুলেট পয়েন্টে উপস্থাপন করতে হবে।
- অসম্পূর্ণ/অসংলগ্ন তথ্য সম্বলিত মনোনয়ন/আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
- সম্পূর্ণকৃত ফরমটির ওয়ার্ড ফাইল ও পিডিএফ ফাইল জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের ইমেইলে [ntcc_bangladesh@yahoo.com] আগামী ১৬ মে, ২০২৪ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।
- সম্মাননার জন্য জন্য জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল ও এ সংক্রান্ত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।